

স্মারক নং-২০.০০.০০০০.৩০৫.৩২.১৬৩.০৬ - ২২২

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০
২৭ জুলাই ২০১৩

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আলাল উদ্দিন, অফিস সহায়ক, পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে কর্মরত থাকাকালীন নিম্নবর্ণিত অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(গ) মোতাবেক পলায়ন-এর দায়ে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়ন করতঃ বিভাগীয় মামলা বুজু করা হয়:

(ক) পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে কর্মরত থাকাকালীন গত ২১/১১/২০২১ তারিখ হতে ১৩/০২/২০২২ তারিখ পর্যন্ত মোট ৮৫ (পঁচাশি) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;


০২। যেহেতু, অভিযুক্ত কর্মচারী ০৭/০৮/২০২২ খ্রি: তারিখে প্রণীত অভিযোগনামার প্রেক্ষিতে জবাব দাখিল করেন। অভিযোগনামায় অভিযুক্ত কর্মচারী ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা জানানোর জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং ব্যক্তিগত শুনানীতে আগ্রহ প্রকাশ করায় তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর দাখিলকৃত ও ব্যক্তিগত শুনানীর জবাব সন্তোষজনক না হওয়ায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে অনীত অভিযোগ তদন্তের জন্য ২৯-০৪-২০২২ খ্রি: তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(গ) মোতাবেক পলায়ন-এর অভিযোগ বিবরণীর (ক) অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে; এবং

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানী এবং তদন্ত কর্মকর্তার নিকট প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার নথিপত্র পর্যালোচনায় অফিস সহায়ক জনাব মোঃ আলাল উদ্দিন-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(গ) মোতাবেক পলায়ন-এর অভিযোগে দোষী সাব্যস্ত করতঃ একই বিধিমালায় বিধি ৪(২)(খ) মোতাবেক ০১ (এক) বছরের জন্য তাঁর বেতন বৃদ্ধি স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

০৫। সেহেতু, অফিস সহায়ক জনাব মোঃ আলাল উদ্দিন-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) অনুযায়ী অর্থবছর জুলাই/২০২৩ হতে ০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার লম্বদণ্ড প্রদান করা হলো। দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে বার্ষিক বেতন বৃদ্ধি পাবে। তবে দন্ডকালীন বেতন বৃদ্ধির কোন বকেয়া প্রাপ্য হবেন না।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


29/07/2026
(সমিহা ফেরদৌসী)
উপসচিব
ফোন: ৯১৮০৭৫০

জনাব মোঃ আলাল উদ্দিন
অফিস সহায়ক (সাময়িক বরখাস্ত)
পরিকল্পনা বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য